পাঠকের জিজ্ঞাসা

? EXE এবং OVL ফাইল কি ? OVL ফাইল কি সব প্রোগ্রামেই প্রয়োজন?

লাকী, জ্যাবন, লিটন
চাপাই নওয়াবগঞ্জ।

EXE এক্সটেনশনযুক্ত ফাইলগুলো হচ্ছে এক্সিকিউটেবল ফাইল (EXEcutable File)। আর OVL এক্সটেনশনযুক্ত ফাইলগুলো হচ্ছে ওভারলে ফাইল (OVerLay files)। সমস্ত প্রোগ্রামের জন্য না হলেও কিছু প্রোগ্রামে OVERLAY ফাইলগুলো কাজে লাগে। যেমন Harbard Graphics এ OVL ফাইলগুলো না থাকলে প্রোগ্রাম চালানো যাবে না।

? A :> GWBASIC দেওয়ার পর কিভাবে কাজ শুরু করতে হয় ? বেসিক কি করতে পারে ? এটাতে কি প্রোগ্রাম করা যায় ? এর মাধ্যমে কি ছবি আঁকা যায় ?

মহসিন
কমার্স কলেজ, চট্টগ্রাম।

বেসিক একটি জনপ্রিয় কমপিউটার ভাষা। এটা খুব সহজে ব্যবহারযোগ্য বন্ধুত্বপন্ন ভাষা (An easy-to-use, friendly language)। এটা বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার করা হয়। যারা প্রাথমিকভাবে প্রোগ্রাম শিখতে চান তাদের জন্য এই ভাষা খুবই উপযোগী। এটা ব্যবসায়, বিজ্ঞান, প্রকৌশল, গণিত ইত্যাদি উচ্চতর ক্ষেত্রেও প্রয়োগ করা যেতে পারে। উপরোক্ত ক্ষেত্রের জন্য বিভিন্ন প্রোগ্রাম করা সহ এর মাধ্যমে ছবিতো আঁকা যায়ই তাছাড়া এর সাহায্যে বিভিন্ন বিনোদনমূলক প্রোগ্রামও করা যায়। যেমন, কমপিউটার গেমস, গ্রাফিকস এমনকি বিভিন্ন ধরনের গানের সুরও তোলা যায়। এছাড়াও এর মাধ্যমে বিভিন্ন ঐতিহ্যগত কাজ যেমন ব্যক্তিগত হিসেব নিকেশ এবং ডাটাবেইজ ব্যবস্থাপনাও করা যায়। A :> GWBASIC লোড দেয়ার পর আপনি পর্দাটি যে অবস্থায় দেখবেন তা নীচের চিত্রতে দেখানো গেল।

এখানে চিত্রের নীচে যে লেখাগুলো দেখছেন তা হলো বিভিন্ন ফাংশন কীর সহায়ক নির্দেশসমূহ। অর্থাৎ আপনি F1 চাবি টিপলে পর্দায় আসবে LIST অতঃপর এন্টার চাবি টিপলে আপনি আপনার পুরো প্রোগ্রামটি পর্দায় দেখতে পারবেন বা F2 চাবি টিপলে আপনার প্রোগ্রামটি রান করবে ইত্যাদি।

বেসিকে প্রতিটি নির্দেশকে আলাদা আলাদা বিবৃতির মাধ্যমে লিখতে হবে। প্রোগ্রাম করতে হলে প্রতিটি বিবৃতি আবার আলাদা লাইনে লিখতে হবে এবং প্রতিটি লাইনের নাম্বার উল্লেখ করে দিতে হবে। ঝামেলা এড়ানোর জন্য আপনি অটো লাইন নাম্বার ব্যবহার করতে পারেন। AUTO বা Alt চাবি সহ A চাবিটি টিপলে একের পর এক লাইন নম্বর চলে আসবে। কিন্তু Auto লিখে তার সাথে প্রথম লাইনের নাম্বার এবং লাইন নাম্বারের অন্তর দিয়ে দিলে সে অনুযায়ী লাইন নাম্বার স্বয়ংক্রিয়ভাবে চলে আসে। যেমন AUTO 10, 5 লিখে যদি এন্টার চাবি টেপা হয় তবে প্রথম লাইন নাম্বার আসবে 10 তারপর 15 তারপর 20 এভাবে। আপনি নিজে চেষ্টা করে প্রোগ্রাম তৈরি করুন। প্রোগ্রাম শেষে ctrl এবং c চাপলে Auto শেষ হয়ে যাবে। উদাহরণ হিসেবে ছোট্ট একটি প্রোগ্রাম দেয়া হলো। এই প্রোগ্রামটির মাধ্যমে যে কোন সংখ্যার বর্গ করা যাবে।

```
10 CLS
20 INPUT "ENTER A NUMBER" ; A
30 LET B = A ^ 2
40 CLS
50 PRINT "SQUARE OF" ; A ; "=" ; B
60 END
```



চিত্র : GWBASIC ওপেন করার পর মনিটরের পর্দায় যেরকম দেখা যাবে।

? GWBASIC-এ ফাইল দেখার উপায় কি ?

মোঃ আবদুল হান্নান,
শাহজাহানপুর, ঢাকা।

GWBASIC-এ ফাইল দেখার জন্য দুইটি উপায় আছে। প্রথমতঃ আপনি GWBASIC-এ কাজ করার সময় সরাসরি নির্দেশ দিয়ে ফাইল দেখতে পারেন। দ্বিতীয়তঃ আপনি GWBASIC-এ কাজ করার সময় ডস প্রম্পটে গিয়ে ফাইলসমূহ দেখতে পারেন।

সরাসরি ফাইলসমূহ দেখার জন্য নির্দেশের ধরন হচ্ছে FILES " < DRIVE NAME : >

অর্থাৎ ধরুন আপনি B : ড্রাইভের ফাইলসমূহ দেখবেন, তখন নির্দেশ দিতে হবে FILES" B:। তারপর আপনাকে এন্টার চাবিটি টিপতে হবে।

আবার ডস প্রম্পটে গিয়ে ফাইল দেখার জন্য আপনাকে SHELL কমাণ্ড দিতে হবে। SHELL লিখে এন্টার চাবি টিপলে আপনি A :> (যদি A : ড্রাইভ থেকে লোড করেন) অথবা C:> (যদি C : ড্রাইভ থেকে লোড করেন) পাবেন। এই অবস্থায় আপনি ডস-এর যে কোন নির্দেশ ব্যবহার করতে পারেন (ডস-এর নির্দেশের জন্য আমাদের প্রকাশিত কয়েকটি সংখ্যায় ধারাবাহিকভাবে "ডস ও প্রাসঙ্গিক বিষয়" প্রবন্ধে বিস্তারিত দেখুন)। তখন যদি আপনি B : ড্রাইভের কোন বেসিক ফাইল দেখতে চান তবে নির্দেশ দিতে হবে DIR B A * . BAS এরপর এন্টার চাবি টিপলে আপনি বেসিক প্রোগ্রাম ফাইলগুলোর একটি তালিকা দেখতে পারবেন। তারপর EXIT টাইপ করে এন্টার চাবি টিপলে GWBASIC প্রোগ্রামে ফেরত আসবেন। CLS টাইপ করে এন্টার চাবি টিপলে মনিটরের পর্দা পরিস্কার হয়ে যাবে।

মুঃ তারেকুল মোমেন চৌধুরী

হাতে কলমে কমপিউটার শিখুন
(জন প্রতি কমপিউটার)
WORDSTAR, DBASE, LOTUS, DBASE PROGRAMMING, ADVANCED LOTUS, BASIC,HARDWARE—MAINTENANCE & TROUBLE SHOOTING AND SPSS PC+
I C M S
Computer Training Centre
(A project of Detosearch)
Mirpur 10-B, Ave,1/ plot-3
Dhaka 1221, phone: 802458.
Dedicated Trainerr in Software and Hardware since 1989.

FOR TOTAL SOLUTION
Hardware sales and support
Computer maintenance and servicing.
Complete system Developent .
Peripheral - Accessories (*supply and sales.*)
Consultancy services.
DETOSEARCH
Mirpur 10-B, Ave.1/plots-3
Dhaka 1221,Bangladesh
Phone : 802458.
Telex: 671089 TLK BJ
FAX : 880-02-833155.
Your trusted Computer dealer since 1982.